

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

ভর্তি-২০২১

মুক্তিযোদ্ধা/সিবলিং/লিল্লাহ বোর্ড/প্রতিবন্ধি শিক্ষার্থীর ক্ষেত্রে কোটা সুবিধা পাওয়ার জন্য আগামী ৩ ও ৪ জানুয়ারি ২০২১ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা থেকে দুপুর ০২.০০ ঘটিকার মধ্যে নিম্নলিখিত দলিলপত্রাদি প্রতিষ্ঠানে স্ব-শরীরে এসে জমা দিতে হবে।

১. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে:

- ক) মুক্তিযোদ্ধার পোষ্য অর্থাৎ ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর সাথে যেমন- দাদা/নানা সম্পর্কের প্রমাণসহ প্রয়োজনীয় মূল কাগজপত্র যেমন- মুক্তিযোদ্ধার সনদপত্র, পিতা-মাতা উভয়ের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার পোষ্যের প্রত্যয়নপত্র এবং প্রয়োজ্য অন্যান্য দলিলপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে।
- খ) দলিলপত্রাদি যাচাই-বাছাই শেষে কোটা সুবিধা প্রদানের জন্য লটারীতে অংশগ্রহণের জন্য বিবেচ্য হবে। প্রয়োজনীয় দলিলাদি প্রদর্শন করতে না পারলে কোটা সুবিধা প্রদানের জন্য লটারীতে অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।
- গ) সকল দলিলপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

২. **সিবলিং কোটার ক্ষেত্রে:** সিবলিং এর ক্ষেত্রে প্রতিষ্ঠানে অধ্যয়নরত ভাই/বোন এর আইডি কার্ড এর ফটোকপি জমা দিতে হবে।

৩. **লিল্লাহ বোর্ডিং কোটার ক্ষেত্রে:** লিল্লাহ বোর্ডের সার্টিফিকেট প্রদান করতে হবে (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট)।

৪. **প্রতিবন্ধিতার কোটার ক্ষেত্রে:** প্রতিবন্ধিতার ধরণ উল্লেখপূর্বক প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষ যেমন- সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সার্টিফিকেট দাখিল করতে হবে এবং ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে স্ব-শরীরে প্রতিষ্ঠানে আসতে হবে।